

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৮২২

পরিচ্ছেদঃ ১. ক্রয় বিক্রয়ের শর্তাবলী ও তার নিষিদ্ধ বিষয় - ধোঁকা দিয়ে বিক্রি করার কতিপয় মাসআলা

আরবী

وَعَنِ ابْنِ مَسْعُودٍ _ رضي الله عنه _ قَالَ: قَالَ رَسُولُ اللّهِ _ صلى الله عليه وسلم: «لَا تَشْتَرُوا السَّمَكَ فِي الْمَاءِ; فَإِنَّهُ غَرَرٌ». رَوَاهُ أَحْمَدُ, وَأَشَارَ إِلَى أَنَّ الصَّوَابَ وَقْفُهُ

ضعيف. رواه أحمد (3676)

বাংলা

৮২২. ইবনু মাস'উদ (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, মাছ পানিতে থাকা অবস্থায় ক্রয় করবে না- কেননা এটা একটা ধোঁকা বিশেষ। —আহমাদ এর সানাদকে মাওকুফ হওয়া সঠিক বলে ইঙ্গিত করেছেন।[1]

ফুটনোট

[1] আহমাদ ৩৬৭৬, ৩৭২৪, ৩৮২৪, মুসলিম ২১৬৯, ইবনু মাজাহ ১৩৯। একে আহমাদ শাকের মুসনাদ আহমাদ (৫/২৫০) গ্রন্থে, আলবানী যঈফুল জামে (৬২৩১) গ্রন্থে একে দুর্বল বলেছেন। ইবনু উসাইমীন তার বুলুগুল মারামের শরাহতে (৩/৬২০) পৃষ্ঠায় একে পরিষ্কার মাওকুফ হিসেবে উল্লেখ করেছেন। ইমাম শাওকানী আদ দুরারুল মাযীয়ায় (২৫২) গ্রন্থে বলেন, এর মধ্যে ইয়াযীদ বিন আবৃ যিয়াদ রয়েছে। তবে তিনি নাইলুল আওত্বার গ্রন্থে (৫/২৪৩) গ্রন্থে এ হাদীসের শাহেদ থাকার কথা উল্লেখ করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন